

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৫৪৩

২৩/ মানত ও কসম (إلله عن رسول الله عن رسول الله) পরিচ্ছেদঃ কেউ হেঁটে যাওয়ার কসম অথচ সে হাঁটতে অক্ষম।

باب مَا جَاءَ فِيمَنْ يَحْلِفُ بِالْمَشْيِ وَلاَ يَسْتَطِيعُ

আরবী

حَدَّثَنَا أَبُو مُوسَى، مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى حَدَّثَنَا خَالِدُ بْنُ الْحَارِثِ، حَدَّثَنَا حُمَيْدٌ، عَنْ ثَابِتٍ، عَنْ أَنْسٍ، قَالَ مَرَّ النَّبِيُّ صلى الله عليه وسلم بِشَيْخٍ كَبِيرٍ يَتَهَادَى بَيْنَ ابْنَيْهِ فَقَالَ " مَا بَالُ هَذَا ". قَالُوا يَا رَسُولَ اللَّهِ نَذَرَ أَنْ يَمْشِيَ. قَالَ " إِنَّ اللَّهَ عَزَّ وَجَلَّ لَغَنِيُّ عَنْ تَعْذِيبِ هَذَا نَفْسَهُ ". قَالَ فَأَمْرَهُ أَنْ يَرْكَبَ.

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، حَدَّثَنَا ابْنُ أَبِي عَدِيٍّ، عَنْ حُمَيْدٍ، عَنْ أَنَسٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم رَأَى رَجُلاً فَذَكَرَ نَحْوَهُ . هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

১৫৪৩। আবৃ মূসা মুহাম্মদ ইবনু মুছান্না (রহঃ) ... আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, একবার রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক বৃদ্ধ ব্যক্তির পাশ দিয়ে পথ অতিক্রম করছিলেন, বৃদ্ধটি তার দুই ছেলেন কাঁধে ভর দিয়ে চলছিল। তিনি বললেন, এর কি হয়েছে? লোকেরা বলল, ইয়া রাসূলাল্লাহ, লোকটি পায়ে হেঁটে (বায়তুল্লাহ যিয়ারতের) মানত করেছিল। তিনি বললেন, এর নিজেকে কষ্ট দেওয়ার প্রতি আল্লাহ মুখাপেক্ষী নন। আনাস রাদিয়াল্লাহু আনহ বললেন, অনন্তর তিনি লোকটিকে (বাহনে) সাওয়ার হতে নির্দেশ দিলেন।

সহীহ, নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ১৫৩৭ [আল মাদানী প্রকাশনী]

মুহাম্মদ ইবনু মুছান্না (রহঃ) ... আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি লোককে দেখলেন। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-সহীহ। কতক আলিম এতদনুসারে আমল করেছেন। তারা বললেন, কোন মহিলা যদি পায়ে হেটে (বায়তুল্লাহ) যাওয়ার মানত করে তবুও সে বাহনে সওয়ার হয়ে যাবে এবং এর জন্য একটি বকরী হাদী (কুরবানী) হিসাবে আদায় করবে।



English

Narrated Anas:

"The Prophet (ﷺ) passed by old man walking (while supported) between his two sons, so he said: 'What is the matter with this one?' They said: "O Messenger of Allah! He vowed to walk.' He said: 'Verily Allah [the Mighty and Sublime] is in no need of this person punishing himself.'" He said: "So he ordered him to ride."

Another Chain from Anas that the Messenger of Allah (ﷺ) saw a man, and he mentioned similarly.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন